



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে টিল এবং বেগুনি আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন

গভর্নর সেপ্টেম্বরকে নিউ ইয়র্কে আত্মহত্যা প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করেছেন; স্টেটের মানসিক স্বাস্থ্য ব্যবস্থা প্রয়াসসমূহের উপর আলোকপাত করেন

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করলেন যে, আজকে 10 সেপ্টেম্বর রাতে, বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবসের (World Suicide Prevention Day) স্বীকৃতিস্বরূপ স্টেটের ল্যান্ডমার্ক ও ব্রিজসমূহকে টিল এবং বেগুনি আলোয় আলোকিত করা হবে এবং নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা আমূল্যে পরিবর্তনের চলমান কাজের প্রতি মনোযোগ আকর্ষণ করা হবে। এর আগে এই সপ্তাহে গভর্নর হোকল পুরো স্টেটে সেপ্টেম্বরকে আত্মহত্যা প্রতিরোধ মাস (Suicide Prevention Month) হিসেবে ঘোষণা করে একটি [ইস্তেহার](#) জারি করেন এবং [988 আত্মহত্যা ও সঙ্কট লাইফলাইনসহ \(988 Suicide and Crisis Lifeline\)](#) মানসিক স্বাস্থ্য সংস্থানের সাথে নিউ ইয়র্কবাসীকে সংযুক্ত করে দিতে সাহায্য করার [প্রয়াসসমূহের রূপরেখা](#) প্রদান করেন।

"আজকের দিনে আমরা তাদের জন্য শোক পালন করছি যারা আত্মহত্যায় মর্মান্তিকভাবে প্রাণ হারিয়েছে এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে মানসিক স্বাস্থ্য সমস্যা কাটিয়ে উঠার জন্য প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আমাদের প্রয়াস দ্বিগুণ করছি," **গভর্নর হোকল বলেন।** "আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে বৃদ্ধি করা থেকে শুরু করে আচরণগত স্বাস্থ্যসেবার জন্য বীমার আওতার শূন্যস্থান পূরণ করা এবং নতুন আবাসিক ইউনিটের জন্য তহবিল প্রদান করা পর্যন্ত, আমার প্রশাসন আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে এমনভাবে চেলে সাজাচ্ছে যাতে সকল নিউ ইয়র্কবাসী তাদের প্রয়োজনের সময় পর্যাপ্ত সেবা পেতে পারে।"

বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষে যেসব ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)

- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ময়নিহান ট্রেন হল
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)

সচেতনতা বৃদ্ধির জন্য, নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health, OMH) আত্মহত্যা প্রতিরোধ কেন্দ্র (Suicide Prevention Center) এই মাসে একটি ডিজিটাল মার্কেটিং ক্যাম্পেইন শুরু করেছে যা পুরো সেপ্টেম্বর মাসে 988 আত্মহত্যা ও সঙ্কট লাইফলাইনের উপর আলোকপাত করবে, যা 62টি কাউন্টির প্রতিটিতে সমর্থিত একটি তিন অংকের নাম্বার প্রদান করে। আত্মহত্যার চিন্তা করতে থাকা নিউ ইয়র্কবাসীরা সেবা ও সমর্থনের সাথে সরাসরি সংযোগের জন্য 988 এ ফোন বা টেক্সট করতে পারবে বা 988lifeline.org/chat ভিজিট করতে পারবে।

স্টেটের মানসিক স্বাস্থ্য সেবায় ধারাবাহিকতা টেলে সাজাতে এবং মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ হয়নি এমন নিউ ইয়র্কবাসীর সংখ্যা নাটকীয়ভাবে হ্রাস করতে নিউ ইয়র্ক স্টেট এখন গভর্নর হোকলের [মানসিক স্বাস্থ্য সেবা পরিকল্পনা \(Mental Health Care Plan\)](#) বাস্তবায়ন করছে। অর্থবছর 2024 বাজেটের অংশ হিসেবে গৃহীত এই 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু বছরের বিনিয়োগটি মানসিক স্বাস্থ্য সমস্যাসহ ব্যক্তিদের জন্য 3,500টি নতুন আবাসিক ইউনিট তৈরি ও পরিচালনার জন্য 890 মিলিয়ন মার্কিন ডলার মূলধন এবং 120 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল প্রদান করে; স্টেটব্যাপী স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য মানসিক সেবা সম্প্রসারণ করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে যার মধ্যে স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার এবং র‍্যাপঅ্যার‍্যাউন্ড সেবার প্রশিক্ষণ বাস্তবায়ন করতে 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে; এবং উচ্চ ঝুঁকির তারুণ্যের জন্য আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচি জোরদার করতে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418